

১৩

তারিখ ... ..  
 পৃষ্ঠা ১ কলাম ... ..

NOV. 29 2002

# ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষার্থীরা ইংরেজি শিখবে কিভাবে?

প্রথম শ্রেণী থেকে ডিগ্রি পর্যন্ত ইংরেজি শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে। অথচ শিক্ষার্থীরা ইংরেজি সম্পর্কে যথাযথ জ্ঞান অর্জন করতে পারছে না। এই না পারার জন্য আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণ করার ক্ষমতা এ দুটিই দায়ী।

কথায় বলে 'ওজন বৃদ্ধি বোঝা নিতে হয়' কথাটি যথার্থ সত্য বলেই প্রাচীনকাল থেকে অদ্যাবধি প্রবাদ বাক্য হয়ে আসছে প্রচলিত। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ইংরেজি পঠ্যক্রমের আলোকে এ কথাই ব্যবহার মনে পড়ে। কারণ, এই শ্রেণীদ্বয়ের ইংরেজি পাঠ্যক্রমে যে বোঝা চাপিয়ে দেয়া হয়েছে তা বহুসংখ্যক শিক্ষার্থী এই শিখ-কিশোরদের নেই বললেই চলে। বর্তমান শিক্ষা ব্যবস্থা Communicative ইওয়ার ফলে নিচের ক্লাসের শিক্ষার্থীর Grammar সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ থেকে যাচ্ছে। পঞ্চম শ্রেণী থেকে শিক্ষার্থীরা ইংরেজির মৌলিক বিষয়গুলো বা Grammar সম্পর্কে পুরোপুরি জ্ঞান অর্জন করতে পারে না। তাই ওপর ৬ষ্ঠ শ্রেণী থেকেই Comprehension-এর মাধ্যমে পরীক্ষা দিতে হয়। যেখানে Grammar-এর Sentence, Number, Gender, Person, Tense, Parts of Speech ইত্যাদি মৌলিক বিষয় সম্পর্কে যথাযথ জ্ঞান অর্জন করতে পারে না। সেখানে একজন শিক্ষার্থী কিভাবে ইংরেজি সম্পর্কে দক্ষতা অর্জন করবে? অথচ শিক্ষার্থীদের বোধশক্তির বিকাশ ঘটানোর নামে যে



Comprehension দেয়া হয়। তাই অর্থ (meaning) ভাবধারা কিছুই তারা বুঝে না। ইংরেজি শব্দের অর্থ গঠনগত বা নিয়মিত সম্পর্কে যেহেতু এসব শিক্ষার্থী কিছুই শিখতে পারে না, সেহেতু এসব কঠিন Comprehension-এর ব্যাখ্যা-বিশ্লেষণও তারা ঠিকমতো করতে পারে না এবং কবর কৌশলও জানে না। তাই ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষার্থীদের ইংরেজির মৌলিক বিষয়গুলো Grammar সম্পর্কে শিক্ষা না দিয়ে Comprehension করার মতো জটিল কাজ সমাধান করতে দেয়া কি সমীচীন? আমাদের দেশের পাঠ্যসূচি/পঠ্যক্রম প্রণেতারা কি একবারও ভেবে দেখেছেন যে, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর কেমস মানের

শিক্ষার এত বড় বোঝা বহন করতে পারবে কিনা? তাই ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষার্থীরা ইংরেজির মৌলিক বিষয়গুলো অর্থাৎ Grammar সম্পর্কে যেন ভালভাবে জ্ঞান অর্জন করতে পারে সে মোতাবেক পাঠ্যক্রম প্রণয়ন করা উচিত। অত্রকের হারা শিক্ষক তাদের কি সেবাপড়ার জ্ঞান কম বা দক্ষতা, অভিজ্ঞতা কম? নিশ্চয়ই না। একজন শিক্ষক তিনিই হন যিনি মোটামুটি জানী, পণ্ডিত ব্যক্তি। তার কি ইংরেজি গ্রামার সম্পর্কে যথেষ্ট জ্ঞানার্জন না করেই বর্তমানে Communicative ইংরেজি পড়াতে পারছেন? বর্তমানে যারা ছাত্র, একদিন তাবাই হবে দেশের কর্মচার। অথচ ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ইংরেজি পাঠ্যক্রমে Grammar-এর অধ্যায় অন্তর্ভুক্ত না থাকার ফলে এসব শিক্ষার্থী ইংরেজির

মৌলিক জ্ঞান সম্পর্কে অজ্ঞ থেকে যাচ্ছে। তাহলে পরবর্তীতে কিভাবে তারা ইংরেজি শিক্ষা দান করবে? বিশেষভাবে উল্লেখ্য, আমাদের দেশে ৮০% শিক্ষার্থী গ্রামের এবং গ্রামের বিদ্যালয় থেকেই মাধ্যমিক পাস করে উচ্চশিক্ষার্থে শহরে যায়। ওই গ্রামের শিক্ষার্থীদের সেবাপড়ার সুযোগ-সুবিধা মেধা ও মনন শহরের চেয়ে তুলনামূলক কম। তাছাড়া পারিবারিক অসচ্ছন্দতা, দারিদ্র্য ইত্যাদি তো আছেই। এমতাবস্থায় শহরের একজন ছাত্র-ছাত্রীরা মতো ২/৩ জন করে প্রাইভেট শিক্ষক বেছে পড়াশোনা করানো গ্রামের পরিবারের পক্ষে সম্ভব হয় না। কিন্তু শিক্ষা যেহেতু সার্বজনীন, তাই সকল পর্যায়ের শিক্ষার্থীদের মেধা ও মনন

এবং শিক্ষা গ্রহণ করার ক্ষমতা পর্যবেক্ষণ করে পাঠ্যসূচি/পঠ্যক্রম তৈরি হওয়াই উচিত। তাই শিক্ষা মন্ত্রণালয়সহ পাঠ্যসূচি/পঠ্যক্রম প্রণেতাদের কাছে অনুবোধ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণী থেকে Communicative system বাস্তব করে ৮ম শ্রেণী থেকে চালু করার বিষয়টি ভেবে দেখবেন এবং সাধারণ গরিব ঘরের সন্তানরাও যেন পাস করার পর উচ্চশিক্ষা গ্রহণ করে দেশের কাজে অবদান রাখতে পারে, সেই সুযোগ সৃষ্টি করবেন।  
 বিশ্বজিৎ দাশগুপ্ত অণু  
 সিনিঃ সহকারী শিক্ষক, তাজীকান্দ পাঠশালা (উঃ বিঃ), সবাইল, বি.বাড়িয়া